

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

জাতীয় রাজস্ব বোর্ড

(শুল্ক ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ, ২৯শে কার্তিক ১৪০৩। ১৩ই নভেম্বর ১৯৯৬।

নং ০৩/৯৬/শুল্ক।— Customs Act, 1969 (IV of 1969) এর section 219 এবং তৎসঙ্গে পঠিতব্য section 36 ও মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড নিম্ন-বর্ণিত বিধিমালা প্রণয়ন করিল, যথাঃ—

- (ক) এই বিধিমালা প্রত্যর্পণ (সহজে সনাক্তকরণযোগ্য পণ্য) বিধিমালা, ১৯৯৬ নামে অভিহিত হইবে।
- (খ) ইহা ৩১.১০.৯৬ ইং তারিখ হইতে কার্যকর হইবে।
- ২। যে সকল পণ্য আমদানী ও পরবর্তীকালে রপ্তানীর মধ্যবর্তী সময়কালে ব্যবহৃত হইয়াছে সে সকল পণ্যের উপর আমদানীকালে প্রদত্ত শুল্ক, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক (যে ক্ষেত্রে প্রযোজ্য) পণ্য রপ্তানীর পর, নিম্নলিখিত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে ফেরত দেওয়া হইবে, যথাঃ—
- (ক) সহজে সনাক্ত করা যায় এমন পণ্য, যাহা বাংলাদেশে আমদানী করা হইয়াছে এবং যাহার উপর প্রযোজ্য শুল্ক করাদি আমদানীকালে পরিশোধ করা হইয়াছে, তাহা বাংলাদেশের বাহিরে যে কোন স্থানে রপ্তানী করা হইলে, উক্তরূপ প্রদত্ত শুল্ক ও করের আট ভাগের সাত ভাগ পরিমাণ ফেরত দেওয়া হইবে;
- (খ) আমদানী দালিলাদিতে “পণ্য পুনঃরপ্তানীর ভিত্তিতে আমদানী করা হইয়াছে” মর্মে ঘোষণা থাকিতে হইবে;
- (গ) উক্তরূপ পণ্য, রপ্তানীকারী শুল্ক ভবন/শুল্ক স্টেশনে কর্মরত সহকারী কমিশনারের নিম্ন পদের নহে এমন শুল্ক কর্মকর্তা কর্তৃক এই মর্মে সনাক্তকৃত হইতে হইবে যে উহাই ইতিপূর্বে আমদানীকৃত পণ্য; এবং
- (ঘ) উক্তরূপ পণ্য শুল্ক ভবনের/স্টেশনের রেকর্ড দৃষ্টে আমদানীর তিন বৎসরের মধ্যে অথবা উক্ত সময় জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক বর্ধিত করা হইয়া থাকিলে, উক্ত বর্ধিত সময়ের মধ্যে, রপ্তানীর জন্য দাখিল করিতে হইবে;
- ৩। নিম্নলিখিত পণ্য আমদানী পরবর্তী রপ্তানীর মধ্যবর্তী সময়কালে ব্যবহৃত হইয়া থাকিলেও, উক্ত পণ্য রপ্তানীর পর কোন প্রত্যর্পন দেওয়া হইবে না, যথাঃ
- (ক) উন্মোচিত সিনেম্যাটোগ্রাফিক ফিল্ম।
- (খ) পরিধেয় বস্ত্রাদি।
- (গ) খুচরা যন্ত্রাংশ (Spare parts), ক্ষয়যোগ্য (expendable), ভোগযোগ্য (consumable) ও ধ্বংসযোগ্য (disposable) পণ্য।

ডঃ রশিদ উল আহসান চৌধুরী
প্রথম সচিব (শুক্র)।